# ঢাকা বোর্ড-২০১৯

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ জামাল ও তার প্রবাসী বন্ধু কামাল এর কথোপকথন—

জামাল: আমাদের দেশে শিল্প কারখানা স্থাপনের ক্ষেত্রে সরকারের অনুমতি নিতে হয় না। যে কোনো ব্যক্তি ইচ্ছা করলে যে কোনো বৈধ অর্থনৈতিক কার্যাবলি সম্পাদন করতে পারে।

কামাল: কিন্তু আমাদের দেশে ব্যক্তিগত উদ্যোগে শিল্প কারখানা স্থাপন করা সম্ভব নয়। রাষ্ট্র শিল্প কারখানা প্রতিষ্ঠা ও নিয়ন্ত্রণ করে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১

খ. 'সুযোগ ব্যয়' ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. জামালের দেশে কোন অর্থব্যবস্থা বিদ্যমান— তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জামালের দেশে প্রচলিত অর্থব্যবস্থা আয় বৈষম্য বৃদ্ধি করে' তুমি কি একমত? উত্তরে সপক্ষে যুক্তি দাও। ৪

২.▶'X' দ্রব্যের চাহিদা সূচি নিচে দেওয়া হলো—

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ১৬ | ৪ |
| ১২ | ৮ |
| ৮ | ১২ |
| ৪ | ১৬ |

ক. যোগান কাকে বলে? ১

খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগ বলতে কী বুঝায়? ২

গ. উক্ত সূচি থেকে একটি চাহিদা রেখা অংকন করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে ক্রেতার আয় ও সময় পরিবর্তন হলে উক্ত চাহিদার ক্ষেত্রে কি ধরনের পরিবর্তন হতে পারে তা ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

৩. ▶ A : ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী।
B: শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা।

ক. বিনিয়োগ কী? ১

খ. মূলধনী দ্রব্য বলতে কী বুঝায়? ২

গ. 'B' তালিকার বিষয়গুলো অর্থনীতিতে কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নতি 'A' ও 'B' সম্পদগুলোর উপর কি নির্ভরশীল? আলোচনা কর। ৪

৪. ▶ রহিমা বেগম হাঁস-মুরগির খামার গড়ে তুলেছেন। খামার থেকে সারা বছরই প্রচুর ডিম উৎপাদিত হয়। গ্রামের ডিমের দাম কম থাকায়, শহরে ডিমগুলো বিক্রয় করে তিনি প্রচুর মুনাফা পান। হাঁস-মুরগির খামারের পাশাপাশি তিনি মাছ চাষও শুরু করেন। রহিমা বেগম হাঁস-মুরগি এবং মাছ চাষের জন্য ১৫ জন শ্রমিক নিয়োগ করেন। কয়েক বছরের মধ্যে তিনি অর্থনৈতিক সাফল্য অর্জন করেছেন।

ক. উৎপাদন কী? ১

খ. প্রকৃত উৎপাদন ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. রহিমা বেগমের হাঁস-মুরগির খামারটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো রহিমা বেগম একজন দক্ষ সংগঠক? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ চাকরিজীবী মল্লিক সাহেব পারিবারিক চাহিদা অনুযায়ী নিজেই বাজার করেন। প্রথমে তিনি নিত্যপ্রয়োজনীয় সামগ্রী যেমন— মাছ, সবজি, ডাল, লবণ ও চিনি ইত্যাদি ক্রয় করেন। এছাড়াও তিনি প্রসাধনী দ্রব্য যেমন— গায়ে মাখার সাবান, শ্যাম্পু ও কোল্ড ক্রিম ইত্যাদি ক্রয় করেন। বাজারে প্রাপ্ত সমজাতীয় দ্রব্যগুলোর ব্যবহার একই হলেও মোড়ক, গন্ধ ভিন্ন। কিন্তু দামের ক্ষেত্রে সামান্য পার্থক্য রয়েছে।

ক. অর্থনীতিতে বাজার কী? ১

খ. একচেটিয়া বাজার বলতে কী বোঝায়? ২

গ. মল্লিক সাহেবের নিত্যপ্রয়োজনীয় ক্রয়কৃত দ্রব্যগুলো কোন বাজারের পণ্য? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রসাধনী সামগ্রীর বাজারটির ধরন বর্ণনা করো। ৪

৬. ▶ ঘটনা-১: 'X' দেশটিতে পূর্বে কৃষিতে অনুন্নত পদ্ধতি ও নিম্নমানের উপকরণ ব্যবহৃত হতো। বর্তমানে উন্নত মানের বীজ, আধুনিক পদ্ধতি, সেচ এবং সার ও কীটনাশক ঔষধ ব্যবহারের ফলে দেশটির উৎপাদন বৃদ্ধি পেয়েছে যা GDP বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

Teachingbd24.com

ঘটনা-২: 'Y' দেশে কোনো এক বছরে ৫০ হাজার কুইন্টাল গম, ১০ হাজার কুইন্টাল পাট, ১ লক্ষ শার্ট উৎপাদিত হয়। উৎপাদিত দ্রব্যগুলো বাজার দর গম প্রতি কুইন্টাল ৩ হাজার টাকা, পাট প্রতি কুইন্টাল ৪ হাজার টাকা ও শার্ট প্রতিটির দাম ৪ শত টাকা।

ক. NNP-এর পূর্ণরূপ কী? ১

খ. মোট জাতীয় আয় ও নিট জাতীয় আয়ের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে কীভাবে 'Y' দেশটির মোট দেশজ উৎপাদন নিরূপণ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'X' রাষ্ট্রের GDP বৃদ্ধিতে যে নির্ধারকটির কথা বলা হয়েছে— তাছাড়াও আর কী কী নির্ধারক ব্যবহার করা যেতে পারে? আলোচনা করো। ৪

৭. ▶ দরিদ্র কৃষক জমির মিয়া। সে কৃষির সাথে জড়িত সকল প্রকার ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য চেষ্টা করে যাচ্ছে। তাই কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য জমি বন্ধক রেখে একটি ব্যাংক হতে মধ্যমমেয়াদি ঋণ গ্রহণ করে। তার প্রতিবেশী ভূমিহীন শেফালি বেগমকে অপর একটি প্রতিষ্ঠান গাভি পালনের জন্য বিনা জামানতে ঋণ প্রদান করে। পরে তিনি গাভি পালনের পাশাপাশি ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন করে অনেক দরিদ্র নারীর কর্মসংস্থান সৃষ্টি করেন।

ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১

খ. 'নিকাশ ঘর' বলতে কী বোঝায়? ২

গ. জমির মিয়া যে ব্যাংক হতে ঋণ গ্রহণ করেন তার ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজে সুবিধাবঞ্চিত মানুষের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে শেফালি বেগমের ব্যাংকটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮. ▶ নিচের ছকটি লক্ষ করো—

| (ক) | (খ) |
|---|---|
| মাছ, পশুপালন, বনায়ন, ডাল, আলু, বাঁশ, দুধ | বিদ্যুৎ, গ্যাস, বস্ত্রশিল্প, সাবান শিল্প, রেশম শিল্প, প্রসাধনী শিল্প, সেতু নির্মাণ |

ক. সেবা কাকে বলে? ১

খ. আমাদের দেশে পুঁজি গঠনের হার কম কেন? ব্যাখ্যা করো। ২

গ. ছক 'ক' বাংলাদেশের অর্থনীতির কোন খাতকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে 'খ' খাতের অবদান মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৯.▶ সায়েম কয়েক বছর যাবৎ মাটির ব্যাংকে শখের বশে বিভিন্ন সময়ে টাকা জমা রাখল। এ বছর পবিত্র ঈদ-উল-আযহার সময় ঐ ব্যাংক ভেঙ্গে সে অনেকগুলো ১ টাকা, ২ টাকা, ৫ টাকা, ৫০ টাকা, ১০০ টাকার কাগজি নোট ও ধাতব মুদ্রা পেল। ঈদের দিন আত্মীয়স্বজনের নিকট থেকেও টাকা পেল। সে মামার সঙ্গে বিদেশ ভ্রমণের জন্য সিদ্ধান্ত নিল এবং এ লক্ষ্যে ঐ সকল মুদ্রা রূপান্তর করতে চাইল। কিন্তু কিছু কিছু মুদ্রা ডলারে রূপান্তর করতে পারল না।

ক. অর্থ কী? ১

খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২

গ. সায়েমের কাছে যে মুদ্রাগুলো ছিল গ্রহণ সীমার দিক থেকে সেগুলো কোন শ্রেণির মুদ্রা? ব্যাখ্যা করো। ৩

ঘ. সায়েমের সমস্ত মুদ্রা ডলারে রূপান্তর করতে না পারার কারণ বিশ্লেষণ করো। ৪

১০.▶ তমিজ ও রমিজ কৃষি শ্রমিক। তারা চলনবিল এলাকায় ফসল উৎপাদনে দৈনিক শ্রমিক হিসেবে কাজ করে। বন্যায় জমি তলিয়ে গেলে তাদের কোনো কাজ থাকে না। প্রতি বছর যখন বন্যা আসে তখন তাদের এ পরিস্থিতি সৃষ্টি হয়। তারা নিরুপায় হয়ে জীবিকার তাগিদে স্বল্পকালীন প্রশিক্ষণ গ্রহণ ও ব্যাংক থেকে ঋণ সুবিধা নিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন করল। বর্তমানে তারা আত্মনির্ভরশীল।

ক. দারিদ্র্য কাকে বলে? ১

খ. অর্থনৈতিক উন্নয়ন বলতে কী বোঝায়? ২

গ. তমিজ ও রমিজ প্রশিক্ষণ গ্রহণের আগে কোন ধরনের বেকার ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের তমিজ ও রমিজের বেকারত্ব নিরসনের পদক্ষেপ বিশ্লেষণ করো। ৪

১১.▶ নিচের একটি কাল্পনিক বাজেট দেওয়া হলো—

| আয়ের খাত | কোটি টাকায় | ব্যয়ের খরচ | কোটি টাকায় |
|---|---|---|---|
| ভূমি রাজস্ব | ২০০ | শিক্ষা ও প্রযুক্তি | ২২০ |
| আবগারি শুল্ক | ৮০ | প্রতিরক্ষা | ২১০ |
| মূল্য সংযোজন কর | ২১০ | বিদ্যুৎ | ১৫০ |
| আয়কর | ১৪০ | জনস্বাস্থ্য | ২৫০ |
| ডাক বিভাগ | ১১০ | পরিবেশ ও বন | ৪০ |

ক. সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? ১

খ. মূল্য সংযোজন কর বলতে কী বোঝায়? ২

গ. ছকে বর্ণিত বাজেটটি কী ধরনের বাজেট? ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকে উল্লিখিত বাজেটে কোন খাতে অধিক বরাদ্দ আছে? উক্ত বাজেট উন্নয়নশীল দেশের জন্য অধিক গ্রহণযোগ্য কিনা? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **মোট দেশজ উৎপাদন বৃদ্ধির গুরুত্বপূর্ণ মৌলিক নির্ধারক কোনটি?**
ক) ভূমি   খ) শ্রম
গ) মূলধন   ঘ) প্রযুক্তি

২. **মাথাপিছু জিডিপি-এর দ্রুত বৃদ্ধি সম্ভব—**
ক) প্রযুক্তির উন্নয়নের মাধ্যমে
খ) জনসংখ্যা বৃদ্ধি পেলে
গ) শুধু শ্রমের ব্যবহার বাড়িয়ে
ঘ) যন্ত্রপাতির উন্নতির ফলে

৩. **জনাব জামিল সাহেব তার এলাকায় একটি হিমাগার নির্মাণ করার সময় আর্থিক সংকটে পড়লে ১৫ বছরে পরিশোধের শর্তে একটি প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। জামিল সাহেব কোন প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেছিলেন?**
ক) বাণিজ্যিক ব্যাংক
খ) বাংলাদেশ কৃষি ব্যাংক
গ) বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক
ঘ) সমবায় ব্যাংক

৪. **সসীম বিহিত অর্থ কোনটি?**
ক) ৫ টাকার নোট   খ) ৫ টাকার ধাতব মুদ্রা
গ) ১০ টাকার নোট   ঘ) ২০ টাকার নোট

৫. **কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
ক) আমানত গ্রহণ
খ) বিনিময় হার নির্ধারণ
গ) বিনিময়ের মাধ্যমে সৃষ্টি
ঘ) অর্থ স্থানান্তর

৬. **মোবাইল কলের ওপর নির্ধারিত কর ছাড়াও সরকার অতিরিক্ত কিছু কর ধার্য করেছে। এ অতিরিক্ত করটি কোন ধরনের?**
ক) আবগারি শুল্ক   খ) সম্পূরক শুল্ক
গ) মূল্য সংযোজন কর   ঘ) সম্পত্তি কর

৭. **ক্ষুদ্রায়তন শিল্প কোনটি?**
ক) পাট শিল্প   খ) কাগজ শিল্প
গ) প্লাস্টিক শিল্প   ঘ) সাবান শিল্প

৮. **সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য কোনটি?**
ক) সর্বোচ্চ মুনাফা অর্জন
খ) ভোক্তার স্বাধীনতার অভাব
গ) অবাধ প্রতিযোগিতা
ঘ) আয় বৈষম্য বিদ্যমান

৯. **দ্রব্য সামগ্রীর মূল্য বেড়ে গেলে—**
i. মানুষের ক্রয়ক্ষমতা কমে
ii. বেকারত্ব হ্রাস পায়
iii. অর্থের মূল্য বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

১০. **একজন সংগঠকের আয় কোনটি?**
ক) খাজনা   খ) মজুরি
গ) মুনাফা   ঘ) সুদ

১১. **সম্পদের বৈশিষ্ট্য হলো—**
i. এর অভাব পূরণের ক্ষমতা আছে
ii. প্রকৃতিতে এর পরিমাণ অসীম
iii. এর অর্থমূল্য আছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

১২. **মধ্যবর্তী দ্রব্য—**
ক) সরাসরি ভোগে ব্যবহৃত হয়
খ) বিনামূল্যে পাওয়া যায়
গ) প্রকৃতিতে অবাধে পাওয়া যায়
ঘ) উৎপাদনের উপকরণ হিসেবে ব্যবহৃত হয়

১৩. **একজন রিক্সাচালকের দৈনিক আয় ৩০০ টাকা এবং ব্যয় ২৫০ টাকা হলে তার সাপ্তাহিক সঞ্চয় কত?**
ক) ৫০ টাকা   খ) ২৫০ টাকা
গ) ৩৫০ টাকা   ঘ) ৫৫০ টাকা

১৪. **দ্রব্যের যোগান কিসের ওপর নির্ভর করে?**
ক) ক্রেতার চাহিদা
খ) দ্রব্যের দাম
গ) উৎপাদনের পরিমাণ
ঘ) উৎপাদন খরচ

১৫. **মৌমাছি চাষ কোন খাতের অন্তর্গত?**
ক) কৃষি   খ) সেবা
গ) শিল্প   ঘ) বাণিজ্য

১৬. **সেবা হলো—**
i. একক বৃহত্তম খাত
ii. অদৃশ্য অর্থনৈতিক কাজ
iii. মূল্য দ্বারা পরিমাপ অযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

১৭. **এসএসএস কত সালে আত্মপ্রকাশ করে?**
ক) ১৯৮২ সালে   খ) ১৯৮৪ সালে
গ) ১৯৮৬ সালে   ঘ) ১৯৮৮ সালে

Teachingbd24.com

**১৮. দারিদ্র্যের দুষ্টচক্রের কারণ—**
i. কম আয়
ii. মূলধনের স্বল্পতা
iii. রাজনৈতিক অস্থিরতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৯. মানবসম্পদ উন্নয়নের জন্য প্রয়োজন—**
(ক) কারিগরি শিক্ষা
(খ) রাজনৈতিক স্থিতিশীলতা
(গ) আধুনিক যন্ত্রপাতি তৈরি
(ঘ) আর্থিক সহায়তা

**২০. ঘাটতি বাজেটে—**
(ক) আয়ের চেয়ে ব্যয় বেশি
(খ) আয়ের চেয়ে ব্যয় কম
(গ) আয় ও ব্যয় সমান
(ঘ) আয় ও ব্যয় উভয়ই কম

**২১. একজন সংগঠকের আয়ের ওপর কোন ধরনের কর ধার্য করা হয়?**
(ক) সম্পত্তি কর (খ) প্রমোদ কর
(গ) উন্নয়ন কর (ঘ) আয় কর

**২২. জনাব মাসুদ লেখাপড়া শেষ করে চাকরি না পেয়ে বর্তমানে চিংড়ি হ্যাচারি থেকে চিংড়ি ক্রয় করে চট্টগ্রামের বিভিন্ন হোটেলে সরবরাহ করছেন। এতে তিনি আর্থিকভাবে লাভবান হচ্ছেন। জনাব মাসুদের কাজটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত?**
(ক) শিল্প (খ) সেবা
(গ) কৃষি (ঘ) মৎস্য

**২৩. ভোগের পরিমাণ বাড়লে মোট উপযোগের কী হয়?**
(ক) ক্রমহ্রাসমান হারে বাড়ে
(খ) ক্রমবর্ধমান হারে বাড়ে
(গ) ক্রমহ্রাসমান হারে কমে
(ঘ) সমহারে বাড়ে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
জসিম মিয়া ৩টি গরু এবং ৫টি ছাগল নিয়ে বাজারে গেলেন। কিন্তু শুধু ১টি গরু ও ২টি ছাগল বিক্রয় করলেন। বাকি পশুগুলো তিনি বাড়িতে ফিরিয়ে আনলেন।

**২৪. উদ্দীপক অনুসারে বাজারে পশুর যোগানের পরিমাণ হচ্ছে—**
(ক) ২টি গরু ও ২টি ছাগল
(খ) ৩টি গরু ও ৫টি ছাগল
(গ) ৩টি গরু ও ২টি ছাগল
(ঘ) ১টি গরু ও ২টি ছাগল

**২৫. বাজারে জসিম মিয়ার পশুর যোগান প্রভাবিত হয়েছিল—**
i. গরু ও ছাগলের দাম দ্বারা
ii. ক্রেতাদের চাহিদা দ্বারা
iii. নির্দিষ্ট সময় দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২৬. বৃহৎ আকারের উৎপাদনের জন্য কোন উপকরণটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?**
(ক) ভূমি (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠন

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
১ বিঘা জমিতে ৫ জন শ্রমিক নিয়োগ দিয়ে ২৫ বস্তা আলু উৎপাদিত হয়। পরের বছর ৬ জন শ্রমিক নিয়োগ করায় ৩৬ বস্তা আলু উৎপাদিত হয়।

**২৭. উদ্দীপক অনুসারে প্রান্তিক উৎপাদন কত?**
(ক) ৬ বস্তা (খ) ১১ বস্তা
(গ) ২৫ বস্তা (ঘ) ৩৬ বস্তা

**২৮. আলুর উৎপাদনের ক্ষেত্রে কোনটি ঘটেছে?**
(ক) গড় উৎপাদন হ্রাস পেয়েছে
(খ) গড় উৎপাদন বৃদ্ধি পেয়েছে
(গ) গড় উৎপাদন স্থির রয়েছে
(ঘ) গড় উৎপাদনের তুলনায় প্রান্তিক উৎপাদন কম

**২৯. কোন বাজারে ফার্ম ও শিল্পের মধ্যে কোনো পার্থক্য নেই?**
(ক) একচেটিয়া বাজার
(খ) একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারে
(গ) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে
(ঘ) অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে

**৩০. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে—**
i. দ্রব্যগুলো সমজাতীয়
ii. লক্ষ্য সর্বাধিক মুনাফা
iii. চাহিদা ও যোগান দ্বারা পণ্যের মূল্য নির্ধারিত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

https://teachingbd24.com